# পঞ্চম উপজেলা পরিষদের ৩৮ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ১৮ জুলাই ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী ১৯ জুলাই ২০২২ তারিখ হতে ২১ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত এ উপজেলার সকল ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে করোনা ভ্যাক্সিনের বুস্টার ডোজের বিশেষ ক্যাম্পেইন পরিচালিত হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান যে, আলোচ্য মাসে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (ক) আলোচনাকালে ৪নং সাতবাঁক ও ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদ্বয় সভায় জানান যে, পাহাড়ী ঢল ও অতিবর্ষনের ফলে সম্প্রতি পর পর দু'বার বন্যায় উপজেলার গ্রামীণ পাকা/কাঁচা রাস্তা ভেঙ্গে যাওয়ায় জনদুর্ভোগ ঘটছে। ফলে জরুরী ভিত্তিতে রাস্তাগুলো মেরামত/সংস্কার কাজ বাস্তবায়নের প্রস্তাব করেন। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা প্রকৌশলী জানান যে, বন্যায় ক্ষতিগ্রস্থ গ্রামীণ কাঁচা/পাকা রাস্তা মেরামত/ সংস্কারের নিমিত্ত ইতোমধ্যে মেরামতযোগ্য রাস্তার তালিকা নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট বরাবরে প্রেরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বন্যায় ক্ষতিগ্রস্থ গ্রামীণ কাঁচা/পাকা রাস্তা দ্রুত মেরামত/ সংস্কার করতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কানাইঘাট উপজেলায় ৫ম পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পঃ (INF-২০২০-২১-৬০৯১৫৯-০২) কানাইঘাট উপজেলার বিভিন্ন রাস্তার পাশে স্ট্রিট লাইট স্থাপন কাজ ১০০% ড্রইং-ডিজাইন ও স্পেসিফিকেশান অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন করে ঠিকাদারী প্রতিষ্ঠান মাইন্ড টাচ লিমিটেড, ৪২ সেনপাড়া পরবতা, মিরপুর, ঢাকা-১২১৬ ভ্যাট-ট্যাক্স ব্যতীত ১১,৩১,২৭৭.০০ (এগারো লক্ষ একত্রিশ হাজার দুইশত সাতাত্তর) টাকা, ভ্যাট ৯৪৮০০.০০, আয়কর ৩৭৯২০.০০ এবং ভ্যাট-ট্যাক্সসহ ১২,৬৩,৯৯৭.০০ (বার লক্ষ তেষট্টি হাজার নয়শত সাতানব্বই) টাকার বিল দাখিল করেছেন। যাহা অত্র সভায় অনুমোদন করা প্রয়োজন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় স্ট্রীট লাইট স্থাপন প্রকল্পের কাজটি উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কানাইঘাট, সিলেট কর্তৃক সরেজমিন গমন করে যৌথ প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বন্যা পরবর্তী রোপা আমন প্রণোদনা কর্মসূচীর আওতায় ৭৫০ জন, প্রদর্শনীর জন্য ১০০ জন ও বীজ সহায়তার আওতায় আরো ৬৫০ জন কৃষকের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। এছাড়াও কৃষি পূণর্বাসন এর আওতায় আরোও ১৬০০ জন কৃষকের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী ২৩ জুলাই ২০২২ হতে ২৯ জুলাই ২০২২ ইং তারিখ পর্যন্ত দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন করা হবে। এ বছরের জাতীয় মৎস্য সপ্তাহের শ্লোগান হলো "নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ" শিরোনামে দেশব্যাপীর ন্যায় কানাইঘাট উপজেলায়ও ০৭(সাত) দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচী সফলভাবে সম্পন্ন করার লক্ষে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ঈদুল আযহা/২০২২ এ কোরবানির পশুর পর্যাপ্ত সরবরাহ ছিল এবং কোরবানীর পশুর খামারীরা সঠিক মূল্যে পেয়েছে। ফলসুতিতে খামারীগণ গবাদিপশু পালনে আগ্রহী হবেন বলে প্রতীয়মান হয়। তিনি আরোও জানান যে, বন্যা পরবর্তী সময়ে গবাদিপশুর খাদ্যের (গো খাদ্যের) সংকট থাকায় দেশীয় খামারীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বন্যা পরবর্তী মাঠপর্যায়ে গবাদিপশুর টিকাপ্রদান ও খামার পরিদর্শন করে গবাদীপশুর রোগপ্রতিরোধ টিকাদান কার্যক্রম কর্মসূচী নিয়মিত ভাবে পালন করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি - ২ কানাইঘাট,সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ জানান এবং অন্যান্য প্রকল্পের কাজ স্বাভাবিক চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২০ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বোরো সংগ্রহ - ২২ চলমান রয়েছে। আগামী ৩১-০৮-২০২২ তারিখ পর্যন্ত সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে " খাদ্য শস্য লাইসেন্স নিবন্ধন আইন মেনে ব্যবসা করব" এই শ্লোগানকে সামনে রেখে ১৫ জুলাই হতে ২১ জুলাই ২০২২ পর্যন্ত দেশব্যাপী খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ সপ্তাহ-২২ উদযাপিত হচ্ছে। আগামী সেপ্টেম্বর-২০২২ হতে খাদ্য বান্ধব কর্মসূচী সফলভাবে বাস্তবায়নের লক্ষে উপকারভোগীদের ডিজিটাল ডাটা | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বেইস তৈরীর কার্যক্রম গ্রহণ করা হবে। প্রতিটি ইউনিয়ন ইউডিসি উদ্যোক্তাগণ ডাটা বেইজ প্রণয়নের কাজ করবেন। প্রত্যেক উপকারভোগী ও তার স্বামী/স্ত্রী সহ জাতীয় পরিচয়পত্র ও আনুষাংগিক তথ্যসহ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উপস্থিত হয়ে ডাটাবেজে তথ্য সন্নিবেশ করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণের সার্বিক সহযোগিতার প্রস্তাব করেন। | | |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৮৩৮.১৬ (আট কোটি আটত্রিশ লক্ষ ষোল হাজার)টাকার থেকে মোট ঋণ আদায় হয়েছে ৪১৫.৭১(চার কোটি পনের লক্ষ একাত্তর হাজার) টাকা মোট ঋণ বিতরণ হয়েছে। ৩৮৯.২০(তিন কোটি উননব্বই লক্ষ বিশ হাজার) টাকা। এছাড়াও ১৩.৩২(তের লক্ষ বত্রিশ হাজার) টাকা সঞ্চয় আদায় করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৩ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০১ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০২ টি এবং ১৮৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৪ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে কানাইঘাট উপজেলার বিভিন্ন সংযোগ রাস্তা ও বাঁধ এলাকায় সামাজিক বনায়নের সর্বমোট ২০.০০ সিডলিং কি. মি. স্ট্রীপ বাগান এবং কানাইঘাট বিটের আওতায় মূলাগুল ক্যাম্পের মুলাগুল চা বাগিচা মৌজায় ১৫.০ হেক্টর উডলট বাগান ইতোমধ্যে সৃজন পূর্বক উপকারভোগী নির্বাচন করা হয়েছে। তাছাড়া উপজেলার বিভিন্ন সরকারি/আধা সরকারি ও ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে ৫০০০ বিভিন্ন জাতের চারা বিতরণ পূর্বক রোপন করা হয়েছে। তিনি বৃক্ষরোপন ও বৃক্ষ পরিচর্যায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ...কার ..., ২০০৯ ...স্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |
| ২৬ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কানাইঘাট, সিলেট |
| ২৭ | ইউনিয়ন পরিষদ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার ১১-০৯-২০০৫ তারিখের ১১৫৯(৬) নম্বর স্মারকের প্রেক্ষিতে "ইউনিয়ন পরিষদ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব" উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর যৌথ স্বাক্ষরে একটি তফসিলি ব্যাংকে পরিচালিত হওয়ার নির্দেশনা রয়েছে। কিন্তু বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। স্থানীয় সরকার বিভাগের উল্লিখিত নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর যৌথ স্বাক্ষরে পরিচালনার জন্য সভায় প্রস্তাব করা হয় এবং সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়। | "ইউনিয়ন পরিষদ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর সংক্রান্ত হিসাব" শিরোনামে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর যৌথ স্বাক্ষরে একটি তফসিলি ব্যাংকে হিসাব পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (ক) উপজেলা পরিষদের পাম্প চালক জনাব সাজ্জাদ আহমদ হাসান কর্তৃক বেতন-ভাতা বৃদ্ধি সংক্রান্ত আবেদন সভায় উপস্থাপন করা হয়। বর্ণিত আবেদনে দ্রব্যমূল্যের উর্দ্ধগতিতে বেতন-ভাতা বৃদ্ধির বিষয়টি মানবিক কারণে বিবেচনা পূর্বক দৈনিক প্রদেয় মজুরির হারে মাসিক ভিত্তিতে ব্যয় নির্বাহ করার প্রস্তাব করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দৈনিক প্রদেয় মজুরির হারে মাসিক ভিত্তিতে ব্যয় নির্বাহ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| | (খ) সভায় জুন ২০২২ মাসের উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, মালি ও সুইপারের বেতন-ভাতা; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষংঙ্গিক ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/০৭/২০২২

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১১২(৩৬)

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৯ / ১৮ জুলাই ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব----------------------------------- কানাইঘাট, সিলেট

২১/৭/২২

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কানাইঘাট, সিলেট

CamScanner